# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২০০

১/ বিবিধ

---

আরবী

الحج جهاد، والعمرة تطوع
ضعيف

أخرجه ابن ماجه (2 / 232) وابن أبي حاتم في " العلل " (1 / 286) من طريق الحسن بن يحيى الخشني حدثنا عمر بن قيس، أخبرني طلحة بن يحيى عن عمه إسحاق بن طلحة عن طلحة بن عبيد الله مرفوعا
قال البوصيري في " الزوائد " (2 / 138) : هذا إسناد ضعيف عمر بن قيس هو المعروف بمندل ضعفه أحمد وابن معين والفلاس وأبو زرعة والبخاري وأبو حاتم وأبو داود والنسائي وغيرهم، والحسن أيضا ضعيف
قلت: بل هما متروكان، فالأول قال فيه أحمد: أحاديثه بواطيل، والحسن قال فيه النسائي: ليس بثقة، وقال الدارقطني: متروك، وقال ابن حبان: منكر الحديث جدا يروي عن الثقات ما لا أصل له، ثم ساق له حديثا قال فيه: إنه موضوع وسأذكره عقب هذا إن شاء الله تعالى
وهذا الحديث قال ابن أبي حاتم: سألت أبي عنه؟ فقال: هذا حديث باطل
قلت: لكن له طرق أخرى، فرواه البيهقي في " سننه " (4 / 348) من طريق سعيد ابن سالم أن سفيان الثوري أخبره عن معاوية بن إسحاق عن أبي صالح الحنفي مرفوعا به
قلت: وهذا سند ضعيف لإرساله، وسعيد بن سالم فيه ضعف، وقد روى البيهقي عن

الشافعي أنه قال: هو منقطع يعني مرسل، ثم قال البيهقي: وقد روي من حديث شعبة عن معاوية بن إسحاق عن أبي صالح عن أبي هريرة موصولا، والطريق فيه إلى شعبة طريق ضعيف، ورواه محمد بن الفضل بن عطية عن سالم الأفطس عن ابن جبير عن ابن عباس مرفوعا، ومحمد هذا متروك
قلت: بل هو كذاب، كذبه ابن معين والفلاس وغيرهما كما سبق برقم (26) ، وقد رواه من طريقه الطبراني في " المعجم الكبير " (3 / 154 / 1)

বাংলা

২০০। হাজ্জ (হজ্জ) হচ্ছে জিহাদ আর উমরা হচ্ছে স্বেচ্ছাসেবক স্বরূপ (নফল)।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু মাজাহ্ (২/২৩২) ও ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (১/২৮৬) হাসান ইবনু ইয়াহইয়া আল-খুশানী সূত্রে উমার ইবনু কায়েস হতে ... বর্ণনা করেছেন। এর সনদটি দুর্বল। কারণ এ উমার ইবনু কায়েস মন্ডল হিসাবে প্রসিদ্ধ। তাকে আহমাদ, ইবনু মাঈন, ফাল্লাস, আবূ যুরয়াহ, বুখারী, আবু হাতিম, আবু দাউদ, নাসাঈ প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন এবং হাসানও দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বরং তারা উভয়েই মাতরূক। প্রথমটি সম্পর্কে আহমাদ বলেনঃ তার হাদীসগুলো বাতিল। হাসান সম্পর্কে নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। দারাকুতনী বলেনঃ তিনি মাতরূক। ইবনু হিব্বান বলেনঃ তিনি নিতান্তই মুনকারুল হাদীস। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এমন কিছু বর্ণনা করেছেন যেগুলোর কোন ভিত্তি নেই।

অতঃপর তার একটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ এটি বানোয়াট। ইবনু আী হাতিম বলেনঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেনঃ এ হাদীসটি বাতিল।

কিন্তু হাদীসটি অন্য সূত্রেও বর্ণিত হয়েছে। বাইহাকী তার “সুনান” গ্রন্থে (৪/৩৪৮) সাঈদ ইবনু সালেম সূত্রে বর্ণনা করেছেন। মুরসাল এবং বর্ণনাকারী সাঈদ দুর্বল হওয়ার কারণে এ সনদটি দুর্বল। এ জন্যেই বলা হয়েছে হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5460

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন